# মধুপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়
## মধুপুর, টাঙ্গাইল।
## ২য় প্রান্তিক মূল্যায়ন মডেল টেস্ট- ২০২৬

বিষয়: গণিত — শ্রেণি: চতুর্থ

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান: ৭০

১. বহুনির্বাচনি প্রশ্ন (সঠিক উত্তরের পাশে টিক (✓) চিহ্ন দাও): ১ × ১০ = ১০

(১) পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যাকে ১০০ দ্বারা ভাগ করলে ভাগফল কত হবে?
(ক) ১ (খ) ১০ (গ) ১০০ (ঘ) ১০০০

(২) নিঃশেষে বিভাজ্যের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক সূত্র?
(ক) ভাজ্য = ভাজক × ভাগফল (খ) ভাজ্য = ভাজক + ভাগফল (গ) ভাজ্য = ভাজক × ভাগফল ঘ) ভাজক = ভাজ্য × ভাগফল

(৩) যে প্রতীকগুলো সংখ্যা লেখার জন্য ব্যবহার করা হয় সেগুলোকে কী বলে?
(ক) প্রক্রিয়া প্রতীক (খ) সংখ্যা প্রতীক (গ) সম্পর্ক প্রতীক (ঘ) অক্ষর প্রতীক

(৪) ৬৫৭৩ ÷ ১০০ এর ভাগশেষ কত হবে?
(ক) ৭৩ (খ) ৬৫ (গ) ৫৭ (ঘ) ৩

(৫) ৬২৫ ÷ □ = ২৫, খালিঘরে কোন সংখ্যাটি বসবে?
(ক) ৫৫০ (খ) ৬২৫ (গ) ৬০০ (ঘ) ২৫

(৬) ৯৬ ÷ ১৩ এর হিসাব সঠিক কিনা যাচাই করার গাণিতিক বাক্য কোনটি?
(ক) ১৩ × ৭ + ৫ = ৯৬ (খ) ১৩ × ৬ + ৫ = ৯৬ (গ) ১৩ × ৭ - ৫ = ৯৬ (ঘ) ১৩ × ৫ + ৭ = ৯৬

(৭) নিচের কোন জোড়ার সংখ্যা দুটি মৌলিক সংখ্যা?
(ক) ৫১, ৫৩ (খ) ৫১, ৫৫ (গ) ৫৩, ৫৭ (ঘ) ৫৩, ৫৯

(৮) একটি বাক্সে ২০টি পুশপিন থাকলে ৪০০টি পুশপিনের জন্য কয়টি বাক্স লাগবে?
(ক) ১০টি (খ) ২০টি (গ) ৩০টি (ঘ) ৪০টি

(৯) ১৫টি খাতার দাম ১৭৫ টাকা হলে, ৩০টি খাতার দাম কত?
(ক) ৩৫০ টাকা (খ) ২১৫ টাকা (গ) ৩২০ টাকা (ঘ) ১৭৫ টাকা

(১০) ১ হালি ডিমের দাম ৪০ টাকা হলে ১টি ডিমের দাম কত?
(ক) ৪ টাকা (খ) ৫ টাকা (গ) ৮ টাকা (ঘ) ১০ টাকা

২. শূন্যস্থান পূরণ করো (প্রতি প্রশ্নেরই উত্তর দিতে হবে): ৫ × ২ = ১০

(১) সমবাহু ত্রিভুজের ৩টি কোণই ........................................ ডিগ্রির সমান।
(২) ২৪০ কে কোন সংখ্যা দিয়ে ভাগ করলে ভাগফল ১২ হবে? খালিঘরের সংখ্যাটি হবে......।
(৩) যে প্রতীকগুলো চারটি প্রক্রিয়ার জন্য ব্যবহার করা হয় সেগুলোকে........ প্রতীক বলা হয়।
(৪) ১৮ এর গুণনীয়ক কয়টি? ১৮ এর গুণনীয়ক মোট ........................................ টি।
(৫) ৪ × ৬ + ৩ × ৫ = ৪ × (৬ + ৩) × ৫ বাক্যটি সত্য নাকি ........................................।

৩. সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (১০টি প্রশ্নেরই উত্তর দিতে হবে): ১০ × ১ = ১০

(১) সমদ্বিবাহু ত্রিভুজ কাকে বলে?
(২) কোনো সংখ্যাকে পূর্ণ সংখ্যা দ্বারা গুণ করার ফলে যে সকল সংখ্যা পাওয়া যায় সেগুলোকে কী বলে?
(৩) সূক্ষ্মকোণী ত্রিভুজের বৈশিষ্ট্য কী?
(৪) ৫৩৮ ÷ ১২ এর ভাগফল এবং ভাগশেষ নির্ণয় করো।
(৫) ১৫ × ৯ ÷ ১৩ = কত? হিসাব করো।
(৬) ৬ এর প্রথম ৪টি গুণিতক লেখো।
(৭) নিচের সংখ্যাগুলোর মধ্যে কোনটি মৌলিক ও কোনটি যৌগিক আলাদা করো: ২৪, ৩১।
(৮) সুমির উচ্চতা ১৩২ সেমি। মিতুর উচ্চতা সুমির উচ্চতা অপেক্ষা ৫ সেমি বেশি। মিতুর উচ্চতা কত?
(৯) ২৪টি চকোলেট কতজন বন্ধুর মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া যাবে?
(১০) ২টির টেবিল ও ৪টি চেয়ারের মূল্য একত্রে ৮২০০ টাকা। একটি চেয়ারের মূল্য ৮০০ টাকা হলে, ৪টি চেয়ারের মূল্য কত?

৪. ভাগ করো (২টি প্রশ্নেরই উত্তর দাও): ২ × ৩ = ৬

(ক) ৪৫৫ ÷ ১৭ (খ) ১৩১৬ ÷ ৩২

৫. ভাগ সংক্রান্ত সমস্যা (৩টি থেকে যেকোনো ২টির উত্তর দাও): ২ × ৬ = ১২

(১) তোমার কাছে কিছু রঙিন কাগজ আছে। তুমি তোমার ২০ জন বন্ধুকে কাগজগুলো সমানভাবে ভাগ করে দিলে প্রত্যেকে ৮টি করে কাগজ পেল এবং ১০টি কাগজ অবশিষ্ট রইল। তোমার কাছে কতগুলো কাগজ ছিল?
(২) ৫০১টি পেন্সিল থেকে প্রতি বক্সে ১২টি করে পেন্সিল রাখলে কতটি বক্সের প্রয়োজন পড়বে এবং কতটি পেন্সিল অবশিষ্ট থাকবে?
(৩) একটি দোকানে ১১৭৫টি ফুল আছে। একটি মালা তৈরি করতে ২৫টি ফুল লাগলে দোকানদার এরূপ কয়টি মালা তৈরি করতে পারবেন?

৬. গুণিতক ও গুণনীয়ক (৩টি থেকে যেকোনো ২টির উত্তর দাও): ২ × ৬ = ১২

(১) বাক্স থেকে ২, ৫ ও ১০ এর গুণিতকগুলো আলাদা করে লেখো:
২৪, ৩৫, ১২২, ৫১৫, ৪৮০, ৯১২, ৫৫৫, ৮৩৮, ৮১০, ৯৬০, ৭২৫, ৯০০, ৪১৪, ৭৮০, ১৪৫
(২) ১২ এবং ১৮ এর সাধারণ গুণনীয়কগুলো নির্ণয় করো এবং এদের গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক (গসাগু) কত তা লেখো।
(৩) রাসেল তার জন্মদিন উপলক্ষে ২৪টি চকোলেট ও ৩৬টি বিস্কুট কিনল। সে সর্বোচ্চ কতজন বন্ধুর মধ্যে এই খাবারগুলো সমানভাবে ভাগ করে দিতে পারবে?

৭. জ্যামিতি (২টি প্রশ্নেরই উত্তর দাও): ২ × ৫ = ১০

(১) চাঁদা ও স্কেল ব্যবহার করে ৫ সেমি বাহুবিশিষ্ট একটি সমবাহু ত্রিভুজ অঙ্কন করো।
(২) একটি ত্রিভুজ আঁকো যার ভূমি ৫ সেমি এবং ভূমির দুই প্রান্তের কোণ দুটি যথাক্রমে ৮০° এবং ৮০°।